অতীব জরুরি

সময় নির্ধারিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ
□ পরিচালক
□ প্রকল্প পরিচালক
□ উপ-পরিচালক
□ সহকারী পরিচালক
............ তারিখের মধ্যে নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
প্রাপ্তি নং
তারিখ
□ প্রধান সহকারী
□ উচ্চমান সহকারী
□ অফিস সহকারী
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর

১৫/১০/১৯

**বিষয় :** আসন্ন জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা-২০১৯ সুষ্ঠু, নকলমুক্ত ও ইতিবাচক পরিবেশে সম্পন্নের লক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. দীপু মনি, এম.পি.
মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
তারিখ : ১৩ অক্টোবর, ২০১৯, সময় : দুপুর ১২ :০০ মিনিট।
স্থান : আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

২. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, আগামী ০২ নভেম্বর, ২০১৯ তারিখ হতে জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা-২০১৯ শুরু হবে। সকলের আন্তরিক প্রচেষ্টায় বিগত জে.এস.সি., এস.এস.সি., ও এইচ.এস.সি. পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস রোধ এবং ফাঁসের গুজবমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন করা সম্ভব হয়েছে। সে ধারাবাহিকতায় আসন্ন জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে সবধরণের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তিনি আরো বলেন, কিছু প্রতারক চক্র সামাজিক যোগাযোগ মাধ্যমে ভুয়া/মিথ্যা প্রশ্ন তৈরী করে দ্রুত গুজব ছড়িয়ে দেয়। এ বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ স
তকর্তা অবলম্বনের জন্য তিনি আহ্বান জানান। পরীক্ষার্থী ও অভিভাবকগণ যাতে কোনরূপ অনৈতিক কাজে বা প্রতারণার ফাঁদে না জড়ান সে বিষয়ে সকলকে আরো দায়িত্বশীল ও সচেতন হওয়ার আহবান জানান।

৩. সকলের আন্তরিক প্রচেষ্টায় বিগত জে.এস.সি., এস.এস.সি., ও এইচ.এস.সি. পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস রোধ এবং ফাঁসের গুজবমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন হওয়ায় তিনি আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ, শিক্ষাবোর্ডসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সৎ, নৈতিক মূল্যবোধ সম্পন্ন ও দেশপ্রেমিক ভবিষ্যত প্রজন্ম গড়ে তোলার দায়িত্ব আমাদের সকলের। তিনি এক্ষেত্রে শিক্ষক, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং অভিভাবকগণকে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য অনুরোধ জানান। আসন্ন জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা-২০১৯ সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বোর্ড কর্তৃক গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য তিনি ঢাকা বোর্ডের দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যানকে আহবান জানান।

৪. চেয়ারম্যান (রুটিন দায়িত্বে), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা সভায় জানান যে, ০৭ টি বোর্ডের প্রশ্নপত্র বি.জি.প্রেস থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়োছ। অবশিষ্ট ০৩ টি বোর্ডের প্রশ্নপত্র আগামী ২৫ অক্টোবরের মধ্যে বি.জি. প্রেস হতে সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করা হবে। যথাসময়ে প্রশ্নপত্র সরবরাহ করার জন্য তিনি বি.জি. প্রেস কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। বিগত পরীক্ষায় বাংলা ভার্সন ও ইংরেজী ভার্সনের পরীক্ষার্থীদের একই কেন্দ্রে পরীক্ষা হলে প্রশ্নপত্র বিতরণে সমস্যা সৃষ্টি হওয়ায় আসন্ন জে.এস.সি. পরীক্ষায় ঢাকা মহানগরীকে চারটি অঞ্চলে বিভক্ত করে চারটি কেন্দ্রে শুধুমাত্র ইংলিশ ভার্সনের পরীক্ষার্থীদের পরীক্ষা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আসন্ন জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা-২০১৯ সুষ্ঠুভাবে আয়োজনের লক্ষ্যে বোর্ড কর্তৃপক্ষ সকল কেন্দ্র সচিবদের নিয়ে সভা করে তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেছে।

৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর পাবলিক পরীক্ষায় ট্যাগ অফিসারদের সম্মানীর বিষয়টি নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানান। জনাব মো: সাবিরুল ইসলাম, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ সভাকে জানান সভার রেজুলেশন পাওয়ার পর ট্যাগ অফিসারদের সম্মানীর বিষয়টি নিশ্চিত করার জন্য জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

৬. অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আই.সি.টি., ঢাকা ট্যাগ অফিসারদের নামের তালিকা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর-কে অনুরোধ করেন ।

৭. শেখ নাজমুল আলম, যুগ্ম কমিশনার (ক্রাইম), ডি.এম.পি. বলেন প্রশ্নপত্র ফাঁসের কোন গুজব যদি কেউ কোনভাবে পান তাহলে তাৎক্ষণিকভাবে আইন-শৃঙ্খলা বাহিনীকে এবং তাঁর ই-মেইলে অবহিত করার জন্য শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণসহ সংশ্লিষ্ট সকলকে তিনি অনুরোধ জানান।

৮. সভায় মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, জন নিরাপক্ষা বিভাগ, তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধিগণ এবং আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে অতিরিক্ত ডিআইজি, সিআইডি, ডিবি, পুলিশ হেডকোয়ার্টার্স, ও র‍্যাবের উর্ধ্বতন কর্মকর্তাগণসহ অংশগ্রহণকারী কর্মকর্তাগণ আসন্ন জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সর্বোচ্চ আন্তরিকতা ও পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালন করবেন মর্মে আশ্বস্ত করেন এবং তাঁদের মতামত/সুপারিশ উপস্থাপন করেন।

**৯.০ সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:**

৯.১ পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থীকে এর পরে প্রবেশ করতে দিলে তার নাম, রোল নম্বর, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারণ ইত্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করে ঐদিনই সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রতিবেদন দিতে হবে। একই পরীক্ষার্থী একাধিকবার বিলম্ব করলে তদন্ত করতে হবে।

৯.২ কেন্দ্র সচিব ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেকট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.৩ পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেকট্রনিক্স ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে, নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.৪ জেলার ক্ষেত্রে ট্রেজারি এবং উপজেলার ক্ষেত্রে উপজেলাস্থ থানা লকারে প্রশ্নপত্রের ট্রাংক সংরক্ষণ করতে হবে।

৯.৫ ট্রেজারিতে রক্ষিত প্রশ্নপত্র পরীক্ষা শুরুর তিন দিন পূর্বে দিনভিত্তিক ও সেটভিত্তিক সর্টিং করে সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে।

৯.৬ জেলা ট্রেজারিতে জেলা প্রশাসক মনোনীত একজন উর্ধ্বতন কর্মকর্তার উপস্থিতিতে প্রশ্নপত্র সর্টিং করতে হবে। বিষয় ও দিনভিত্তিক একই সেটের সকল প্রশ্ন একটি মাস্টার সিকিউরিটি খামে প্যাকেটজাত করতে হবে। বোর্ডসমূহ যথাসময়ে মাস্টার সিকিউরিটি খাম জেলা প্রশাসকগণকে সরবরাহ করবে।

৯.৭ ট্রেজারী-থানা হতে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহন কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীগণ কোন ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত মাইক্রোবাস বা এরূপ কোন যানবাহন ব্যবহার করা যাবে না।

৯.৮ প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) নিয়োগ দিতে হবে। তিনি ট্রেজারী, থানা হেফাজত হতে কেন্দ্র সচিবসহ প্রশ্ন বের করে পুলিশ প্রহরায় বোর্ড কর্তৃক সরবরাহকৃত সকল সেটের প্রশ্ন কেন্দ্রে নিয়ে যাবেন।

৯.৯ প্রশ্নপত্র ট্রেজারি/ থানা থেকে গ্রহণ, কেন্দ্রে প্রেরণ এবং পরীক্ষা কক্ষে বিতরণ সংক্রান্ত সকল কার্যক্রম পরীক্ষা সংক্রান্ত কার্যাবলি ম্যানুয়ালে অন্তর্ভুক্ত করতে হবে। প্রশ্নপত্র গ্রহণের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা এ ম্যানুয়াল অবশ্যই সাথে রাখবেন এবং ম্যানুয়াল অনুযায়ী প্রতিটি কাজ সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কি-না তা নিশ্চিত করবেন।

৯.১০ ট্রেজারি/ থানা থেকে প্রশ্ন কেন্দ্রে পৌছানোর জন্য দূরত্ব অনুযায়ী বেশি সময় আগে প্রশ্ন না এনে প্রয়োজনীয় সময় নির্ধারণ করে প্রশ্নপত্র আনতে হবে।

৯.১১ পরীক্ষা কেন্দ্রে ও প্রশ্নপত্র পরিবহনে দায়িত্বপ্রাপ্ত আইন শৃঙখলা রক্ষাকারী বাহিনী সতর্কতার সাথে দায়িত্ব পালন করবেন।

৯.১২ কোন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক কোনভাবে পাবলিক পরীক্ষায় বেআইনী কোন কাজ করলে সে প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনে পরীক্ষা কেন্দ্র বাতিল করা হবে। দোষী শিক্ষক ও কর্মচারীগণ সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তাকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হলে তার এম.পি.ও স্থগিত করে তাকে চাকরি হতে বরখাস্ত করার জন্য ম্যানেজিং কমিটিকে বলতে হবে। ম্যানেজিং কমিটি দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে ব্যর্থ হলে প্রয়োজনে কমিটি বাতিল করে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৯.১৩ যদি কোন মোবাইল নম্বরে একাধিকবার একই অংকের টাকার সন্দেহজনক লেনদেন হয় তাহলে সংশ্লিষ্ট এজেন্টকে নিকটস্থ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে।

৯.১৪ প্রশ্ন ছাপানোর সাথে সম্পৃক্ত বিজি প্রেসের সকল কর্মকর্তা ও কর্মচারীকে গোয়েন্দা নজরদারিতে রাখার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানাতে হবে।

৯.১৫ পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পূর্বে প্রশ্নের সেট কোড ঘোষণা করা হবে। সে অনুযায়ী নির্বাহী ম্যাজিষ্ট্রেট/ দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তার উপস্থিতিতে তাঁর, কেন্দ্র সচিব ও পুলিশ কর্মকর্তার স্বাক্ষরে প্রশ্নপত্রের প্যাকেট বিধি অনুযায়ী খুলতে হবে।

৯.১৬ পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষার আগে পরে পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৯.১৭ আসন্ন জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ে কন্ট্রোল রুম খোলা থাকবে। কন্ট্রোল রুমের টেলিফোন ও ই-মেইল ঠিকানা এবং পরীক্ষা সংক্রান্ত কিছু নির্দেশনা সর্বসাধারণের অবগতির জন্য টেলিভিশনে সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য মন্ত্রণালয় ও বিটিআরসি বরাবর পত্র প্রেরণ করা হবে।

৯.১৮ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত গুজব কিংবা এ কাজে তৎপর চক্রগুলোর কার্যক্রমের বিষয়ে আইন শৃঙখলা রক্ষাকারী বাহিনী এবং সরকারের সংশ্লিষ্ট বিভাগসমূহ নজরদারি জোরদার করবে।

৯.১৯ প্রশ্নপত্র ফাঁস কিংবা পরীক্ষার্থীদের নিকট উত্তর সরবরাহে জড়িত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইন শৃঙখলা বাহিনী ও জেলা প্রশাসন কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করবে।

৯.২০ ঢাকা মহানগরীর ট্যাগ অফিসারগণের নামের তালিকা নির্দিষ্ট সময়ের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচচ শিক্ষা অধিদপ্তর জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

৯.২১ আসন্ন জে.এস.সি. ও জে.ডি.সি. পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ২৫.১০.২০১৯ তারিখ থেকে ১৫.১১.২০১৯ তারিখ হওয়া পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ থাকবে।

১০.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
১৩.১০.১৯
(ডা. দীপু মনি এম.পি.)
মন্ত্রী
শিক্ষা মন্ত্রণালয়

নং-৩৭.০০.০০০০.০৭১..০৯.০০১.১৭-১০০২

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ / ১৪ অক্টোবর, ২০১৯ খ্রীষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৭। চেয়ারম্যান বি.টি.আর.সি., ঢাকা।।
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/ উন্নয়ন/ মাধ্যমিক-১/মাধ্যমিক-২/কলেজ/ বিশ্ববিদ্যালয়/অডিট ও আইন/প্রশাসন ও উন্নয়ন/ কারিগরি/মাদ্রাসা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১০। মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা (এন.এস.আই.), ঢাকা।
১১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১২। যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস), ডিএমপি হেডকোয়ার্টারস, ঢাকা।
১৪। ডি.আই.জি. (অপারেশন), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
১৫। ডি.আই.জি.(সি.আই.ডি.) ঢাকা।
১৬। জনাব মো: আবদুল বাতেন, অতিরিক্ত কমিশনার (ডিবি), ডি.এম.পি., ঢাকা।
১৭। জনাব শেখ নাজমুল আলম, যুগ্ম-কমিশনার (ক্রাইম), ডি.এম.পি., ঢাকা।
১৮। অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/অপস, র‍্যাব সদর দপ্তর, ঢাকা।
১৯। সভাপতি, বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২০। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল।
২১। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২২। জেলা প্রশাসক, ঢাকা।
২৩। যুগ্ম কমিশনার (অপরাধ), ডিএমপি, ঢাকা।
২৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭। ডিসি, ডিবি (উত্তর)/ ডিসি, ডিবি (দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
২৮। এস.পি.(সি.টি.এস.বি.), ঢাকা।
২৯। পরিচালক, বি.টি.আর.সি., ঢাকা।
৩০। পরিচালক, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার, ঢাকা।
৩১। জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪.১০.২০১৯

(ড. মো: মোকছেদ আলী)
উপসচিব
ফোন : ৯৫৪৫৯৭৪
ই-মেইল:ds_sec1@moedu.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
**www.dshe.gov.bd**

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.০০০.২০১১.১৫২৭

তারিখ: ০১ কার্তিক ১৪২৬
১৬ অক্টোবর ২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল ঢাকা।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০২। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৩। সভাপতি,..............................................................................................।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক,...........................................................................।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার..........................................................।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৬। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
☎৯৫৬১২৫৪।
e-mail: addshesecondary1@gmail.com